দৈনিক
ইনকিলাব

তারিখ 26 JUL 2009
পৃষ্ঠা ... কলাম ...

*দেশের বাইরের কেন্দ্র*

# পাসের হার এবার ৯৪ দশমিক ১২ ভাগ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : এইচএসসি পরীক্ষায় দেশের বাইরের কেন্দ্রগুলোতে এবার পাসের হার ৯৪ দশমিক ১২ ভাগ। বিদেশের ৫টি কেন্দ্র থেকে এইচএসসি পরীক্ষায় অংশ নেয়া ১৭০ জন ছাত্র-ছাত্রীর মধ্যে পাস করেছে ১৬০ জন। জিপিএস-৫ পেয়েছে ৫৮ জন ছাত্র-ছাত্রী।

প্রকাশিত ফলাফল অনুযায়ী, সউদী আরবের জেদ্দা কেন্দ্র থেকে ৪৫ জন পরীক্ষায় অংশ নিয়ে ৪৫ জনই পাস করেছে। যার মধ্যে জিপিএ-৫ পেয়েছে ২১ জন ছাত্র-ছাত্রী। সউদী আরবের রিয়াদ কেন্দ্র থেকে ৫৯ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নিয়ে পাস করেছে ৫৬ জন। যারমধ্যে জিপিএ-৫ পেয়েছে ২৩ জন। সউদী আরবের মাশহুরুল হক মেমোরিয়াল হাই স্কুল ও কলেজ কেন্দ্র থেকে ৩২ জন ছাত্র-ছাত্রী অংশ নিয়ে পাস করেছে ৩০ জন। জিপিএ-৫ পেয়েছে ১০ জন। আবুধাবীর দোহা কেন্দ্র থেকে ২৪ জন ছাত্র-ছাত্রী এইসএসসি পরীক্ষায় অংশ নিয়ে পাস করেছে ২২ জন। জিপিএ-৫ পেয়েছে ৪ জন। লিবিয়ার ত্রিপলী কেন্দ্র থেকে ১০ জন ছাত্র-ছাত্রী অংশ নিয়ে পাস করেছে ৭ জন। এইচএসসি পর্যায়ের বিদেশী কেন্দ্রগুলো ঢাকা বোর্ডের অধীনে পরীক্ষায় অংশ নিয়ে থাকে। গতবছর দেশের বাইরের বিভিন্ন কেন্দ্র থেকে এইচএসসি পরীক্ষায় অংশ নেয়া ১৫৪ জন শিক্ষার্থীর মধ্যে ১৪৬ জন পাস করেছিল। যার মধ্যে জিপিএ-৫ পেয়েছিল ৪২ জন। পাসের হার ছিল ৯৪ দশমিক ৮১ ভাগ।